দৈনিক ইত্তেফাক

তারিখ ... 10 SEP 1992 ...
পৃষ্ঠা ... ১২ ... কলাম ... ৮ ...

26

# ঢাকা কলেজ এলাকায় শান্তি প্রতিষ্ঠার জন্য শিক্ষামন্ত্রীর আহবান

ঢাকা কলেজের ছাত্র ও শিক্ষকদের এক প্রতিনিধিদল গতকাল বুধবার শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার জমির উদ্দিন সরকারের সাথে শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে সাক্ষাৎকারে মিলিত হন। ছাত্র ও শিক্ষক নেতৃবৃন্দ শিক্ষামন্ত্রীকে কলেজের পার্শ্ববর্তী এলাকার ঘটনাবলী অবহিত করেন।

শিক্ষামন্ত্রী বলেন, সরকার কলেজের আশেপাশের এলাকায় শান্তি ও শৃংখলা প্রতিষ্ঠার লক্ষ্যে আইনানুগ পদক্ষেপ নিবে। সরকার ঢাকা কলেজের ছাত্র হত্যাকারীদেরকে চিহ্নিত করিবে এবং আইন অনুযায়ী শাস্তি দিবে। তিনি এ এলাকায় আইন-শৃংখলা ও শান্তি ফিরাইয়া আনার ব্যাপারে সহযোগিতা করার জন্য ছাত্র-শিক্ষকদের প্রতি আহ্বান জানান। সাক্ষাৎকালে ঢাকা সিটি কর্পোরেশনের মেয়র মীর্জা আব্বাস, বরকতউল্লাহ বুলু এমপি, শিক্ষা সচিব শফিউল আলম, অতিরিক্ত সচিব আবদুল্লাহ হারুন পাশা, যুগ্ম-সচিব আহমদ হোসেন ও কলেজের অধ্যক্ষ অধ্যাপক লতিফুর রহমান উপস্থিত ছিলেন।

—তথ্যবিবরণী।